

মোবাইল নেটওয়ার্ক-এ ব্যবহৃত বিভিন্ন ধরনের অবৈধ জ্যামার, বুস্টার ও রিপিটার সরবরাহ/বিক্রয়ের বিরুদ্ধে বিটিআরসি কর্তৃক পরিচালিত গত ১৮-২৫ এপ্রিল, ২০২২ সময়ের চলমান অভিযান সংক্রান্ত তথ্য।

তারিখ	দোকান/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	জব্দকৃত মালামালের বিবরণ	ধৃত আসামীর সংখ্যা
১৮/০৪/২০২২	রহিম ইলেকট্রনিক্স দোকান নং-০১, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মার্কেট, ঢাকা।	জ্যামার-০৮ টি।	০২ জন।
	মধুমতি ইনকিউবেটর এন্ড ইলেকট্রিক ২২০/বি, কাঠাল তলা, তেজকুনি পাড়া, তেজগাঁও, ঢাকা।	বুস্টার-০৭ টি।	০১ জন।
	ফেমাস ভিশন লিমিটেড দোকান নং-১০২৬, লেভেল-১০, মাল্টিপ্ল্যান কম্পিউটার সিটি সেন্টার, এলিফ্যান্ট রোড, ঢাকা।	বুস্টার-২৩ টি। রিপিটার-০১ টি।	-

অবৈধ জ্যামার, বুস্টার ও রিপিটার বাজারজাত এবং বিক্রয় করার অপরাধে ধৃত আসামীগণের বিরুদ্ধে রাজধানীর পল্টন এবং তেজগাঁও থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী পৃথক ০২(দুই)টি মামলা রুজু করা হয়েছে।

এছাড়াও বিটিআরসির পরিদর্শকদল কর্তৃক গত ২০/০৪/২০২২ এবং ২৫/০৪/২০২২ তারিখে অনলাইন মার্কেট প্লেস Daraz এবং bdstall.com এর অফিস সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে তাদের Web Portal/App থেকে এ অবৈধ জ্যামার, বুস্টার, রিপিটার এবং বিটিআরসির অনুমোদনবিহীন বেতার যন্ত্রপাতি বিক্রয়কারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে ব্লক করে এ সংক্রান্ত বিজ্ঞাপনসমূহ অপসারণ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহ ভবিষ্যতে বিটিআরসির অনুমোদনবিহীন কোন ধরনের বেতার যন্ত্রপাতি তাদের Web Portal /Apps-এ বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন করবে না মর্মে কমিশনের নিকট অঙ্গীকারনামা দাখিল করেছেন। কমিশন কর্তৃক এরূপ অভিযান কার্যক্রম চলমান থাকবে এবং জনসাধারণকে এ সমস্ত অবৈধ জ্যামার, বুস্টার, রিপিটার এবং বিটিআরসির অনুমোদনবিহীন বেতার যন্ত্রপাতি ক্রয়/বিক্রয় করা হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

